

বাংলা দ্বিতীয় পত্র

বিষয় কোড : 1 0 2

সময়—১ ঘণ্টা ৪০ মিনিট

রচনামূলক প্রশ্ন

মান—৩০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক হওয়া বাস্তুনীয়।

একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

১। (ক) সারাংশ লেখ :

সূর্যের আলোতে রাতের অন্ধকার কেটে যায়। শিক্ষার আলো আমাদের অজ্ঞানতার অন্ধকার দূর করে। আমাদের দৃষ্টিতে চারপাশের জগৎ আরও সুন্দর হয়ে ওঠে। আমরা জীবনের নতুন অর্থ খুঁজে পাই; শিক্ষার আলো পেয়ে আমাদের ভেতরের মানুষটি জেগে ওঠে। আমরা বড় হতে চাই, বড় হওয়ার জন্য চেষ্টা করি। আমরা সুন্দর করে বাঁচতে চাই, বাঁচার মতো বাঁচতে চাই। আর সুন্দর করে বাঁচতে হলে চাই জ্ঞান। সেই জ্ঞানকে কাজেও লাগানো চাই। শিক্ষার ফলে আমাদের ভেতর যে শক্তি লুকানো থাকে তা ধীরে ধীরে জেগে ওঠে। আমরা মানুষ হয়ে উঠি।

অথবা, (খ) সারমর্ম লেখ :

কোথায় স্বর্গ? কোথায় নরক? কে বলে তা বহুদূর?  
মানুষেরই মাঝে স্বর্গ-নরক, মানুষেতেই সুরাসুর।  
রিপুর তাড়নে যখনি যোদের বিবেক পায় গো লয়,  
আভ্যন্তরির নরক অনলে তখনি পুড়িতে হয়।  
প্রীতি ও প্রেমের পুণ্য বাঁধনে যবে মিলি পরম্পরে,  
স্বর্গ আসিয়া দাঁড়ায় তখন আমাদেরই কুঁড়েঘরে।

২। যেকোনো একটির ভাব-সম্প্রসারণ কর :

(ক) একতাই বল

(খ) বিশ্রাম কাজের অঙ্গ একসাথে গাঠা

নয়নের অংশ যেন নয়নের পাতা।

৩। (ক) অনুচ্ছেদ লেখ :

বইমেলা

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি পড় এবং অনুধাবন করে প্রশ্নগুলোর উত্তর দাও :

লোকশিল্প সংরক্ষণ ও সম্প্রসারণের দায়িত্ব আমাদের সকলের। বাংলাদেশের বিভিন্ন শহর, শহরতলি এবং গ্রামের হাজার হাজার নারী-পুরুষ আছে, যারা কাজ করতে চায় অথচ কাজের অভাবে দিন দিন দারিদ্র্যের শিকার হচ্ছে। সুপরিকল্পিত উপায়ে এবং সুরুচিপূর্ণ লোকশিল্প প্রস্তুতির দিকে মনোযোগ দিলে তাদের সমস্যার কিছুটা সমাধান হবে।

(i) 'সম্প্রসারণ' শব্দের অর্থ কী?

(ii) লোকশিল্প কাকে বলে?

(iii) 'দিন দিন' কোন ধরনের ব্রিজুল শব্দ?

(iv) কীভাবে লোকশিল্প সংরক্ষণ ও সম্প্রসারণ করা যেতে পারে?

৪। (ক) জুনিয়র ক্ষুল সার্টিফিকেট পরীক্ষায় সাফল্য লাভের জন্য অভিনন্দন জানিয়ে তোমার বন্ধুর নিকট একখনা পত্র লেখ।

অথবা, (খ) মনে কর, তুমি শিহাব, কুমিল্লা জিলা ক্ষুলের অষ্টম শ্রেণির ছাত্র। তোমার বাবা একজন সরকারি চাকরিজীবী। সম্প্রতি তাকে বদলি করা হয়েছে। এ অবস্থায় তোমাকেও তার সাথে যেতে হবে। এ জন্য তোমার ক্ষুলের প্রধান শিক্ষকের কাছে ছাড়পত্র চেয়ে একখনা আবেদনপত্র লেখ।

৫। যেকোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা কর :

(ক) চরিত্র : [সংকেত : ভূমিকা; চরিত্র কী; চরিত্রের বৈশিষ্ট্য; সচরিত্রের লক্ষণ; চরিত্র গঠন; চরিত্র গঠনের উপায়; চরিত্র গঠনে পরিবেশের ভূমিকা; চরিত্রাদীনতার কুফল; উপসংহার।।]

(খ) কম্পিউটার : [সংকেত : ভূমিকা; কম্পিউটার কী; আবিষ্কার ও বিবর্তন; কম্পিউটারের শ্রেণিবিভাগ; কম্পিউটার যেভাবে কাজ করে; কম্পিউটারের ব্যবহার; কম্পিউটারের কুফল; উপসংহার।।]

(গ) আন্তর্জাতিক মাতৃভাষা দিবস : [সংকেত : ভূমিকা; ভাষা আন্দোলনের সংক্ষিপ্ত ইতিহাস; আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের বৈকৃতি; মাতৃভাষা দিবসের আনন্দ উৎসব; বিশ্বের বিভিন্ন দেশে 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' পালন; আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ও বাংলাদেশের প্রকৃত উৎসব।।]

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক(✓) চিহ্ন দাও।  
প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. মনের ভাব প্রকাশের প্রধান বাহন কোনটি?  
 ৩. শব্দ      ৪. ছবি      ৫. ইঞ্জিত      ৬. ভাষা
  ২. চাকমা জনগোষ্ঠীর ভাষার নাম কী?  
 ৩. চাংমা      ৪. চাংগমাঙ্গ      ৫. চাম্মা      ৬. চাকমা
  ৩. গারো জনগোষ্ঠী কোন ভাষায় কথা বলে?  
 ৩. চাংমা      ৪. আচিক  
 ৫. রাখাইন      ৬. মণিপুরী
  - \* ৪. কোনটি মৌলিক ভৱিত্বনি?  
 ৩. ঔ      ৪. ই      ৫. ঐ      ৬. উ
  ৫. অ-এর স্বাভাবিক উচ্চারণের উদাহরণ কোনটি?  
 ৩. নদী      ৪. গয়না      ৫. অতনু      ৬. অভিধান
  ৬. ‘শীতাত’ শব্দটির সঠিক সম্বিধি বিচ্ছেদ কোনটি?  
 ৩. শীত + আর্ত      ৪. শীত + অর্ত  
 ৫. শীতা + ঝত      ৬. শীত + ঝত
  ৭. ‘প্রাতরাশ’ শব্দটির সম্বিধি বিচ্ছেদ কোনটি?  
 ৩. প্রাত + আশ      ৪. প্রাতঃ + আশ  
 ৫. প্রাত + রাশি      ৬. প্রাতঃ + রাশি
  ৮. কোন শব্দটি শুধু স্তুবাচক?  
 ৩. এয়ো      ৪. নারী      ৫. গিনি      ৬. বিদ্যুতি
  ৯. সমষ্টিবাচক শব্দযোগে বহুবচনবাচক শব্দ কোনটি?  
 ৩. পদাবলি      ৪. ভাইয়েরা  
 ৫. ছেলেরা      ৬. আমগুলো
  ১০. ক্রিয়া পদকে বিশ্লেষণ করলে কয়টি অংশ পাওয়া যায়?  
 ৩. ২টি      ৪. ৩টি      ৫. ৪টি      ৬. ৫টি
  ১১. ‘গোছগাছ’ শব্দটি কোন ধরনের শব্দ?  
 ৩. শব্দবৈত      ৪. অনুকার শব্দ
  ১২. ধ্বন্যাত্মক শব্দ      ৩. সাধিত শব্দ
  ১৩. মৌলিক শব্দ কোনটি?  
 ৩. ঘরামি      ৪. গাছ      ৫. হাতল      ৬. বাঢ়ির সাধারণত কোন কোন পদে বাক্য গঠিত হয়?
  ১৪. কর্তা ও কর্ম      ৩. কর্তা ও ক্রিয়া  
 ৫. শুধু ক্রিয়া      ৬. কর্তা, কর্ম ও ক্রিয়া
  ১৫. জটিল বাক্যের অপর নাম কী?  
 ৩. যৌগিক বাক্য      ৪. মিশ্র বাক্য  
 ৫. সরল বাক্য      ৬. বিধেয়
  ১৬. হৃদয়াবেগ প্রকাশ করতে কোন চিহ্ন লাগে?  
 ৩. বন্ধনী      ৪. হাইফেন  
 ৫. প্রশ্ববোধক      ৬. বিস্ময়সূচক
  ১৭. কোন বানানটি সঠিক নয়?  
 ৩. দাসি      ৪. বাঙালি  
 ৫. প্রথমতঃ      ৬. গিনী
  ১৮. নিচের কোন বানানটি শুন্ধ?  
 ৩. আশীস      ৪. দূর্নীতি  
 ৫. কিশোরি      ৬. মুরুরু
  ১৯. ‘অপূর্ণ’ অর্থে ‘কাঁচা’ শব্দের ব্যবহার কোনটি?  
 ৩. কাঁচা আম      ৪. কাঁচা ঘুম  
 ৫. কাঁচা কাঠ      ৬. কাঁচা বয়স
  ২০. ‘অগ্নি’ শব্দের সমার্থক শব্দ কোনটি?  
 ৩. বহি      ৪. বাজি  
 ৫. তুরঙ্গ      ৬. কুল
- ‘কনক’ শব্দটির বিকল্প হলো—
৩. সিঞ্চন      ৪. কাঞ্চন
  ৫. রঞ্জন      ৬. ঝলক

## উত্তরমালা

১ ঘ ২ ক ৩ খ ৪ খ ৫ খ ৬ ঘ ৭ খ ৮ খ ৯ ক ১০ ক ১১ খ ১২ গ ১৩ ঘ ১৪ খ ১৫ ঘ ১৬ গ ১৭ ঘ ১৮ খ ১৯ ক ২০ খ